

“তাওহীদ” অর্থ কি, তাওহীদ কত প্রকার ও কি কি ?

তাওহীদ শব্দের আভিধানিক অর্থ:- একত্ব প্রতিষ্ঠা করা, এক, একক ও অদ্বিতীয় সাব্যস্ত করা ।

শরী‘য়তের পরিভাষায় তাওহীদের অর্থ হলো- আলাহকে তাঁর জাত (সত্তা), নামসমূহ, গুণরাজি-বৈশিষ্ট, অধিকার ও কর্মে এক, একক ও অদ্বিতীয় সাব্যস্ত করা ।

তাওহীদ তিন প্রকার যথা:- (এক) তাওহীদুর রুবুবিয়াহ্ । অর্থাৎ:- আলাহকে তাঁর যাবতীয় কর্মে একক ও অদ্বিতীয় তথা লা শরীক (অংশীদারহীন) সাব্যস্ত করা ।

(২) তাওহীদুল উলূহিয়াহ্ । অর্থাৎ:- ইবাদতে আলাহকে এক ও অদ্বিতীয় সাব্যস্ত করা ।

(৩) তাওহীদুল আছমা ওয়াস্ সিফাত । অর্থাৎ:- আলাহকে তাঁর নাম ও গুণাবলীতে একক ও অদ্বিতীয় সাব্যস্ত করা ।

“সাব্যস্ত করার” অর্থ হলো:- নিজের ‘আক্বীদা-বিশ্বাসে, কথা-বার্তায় ও কাজে-কর্মে আলাহকে এক ও অদ্বিতীয় প্রমাণ করা ।